গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-২ অধিশাখা

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সেপ্টেম্বর/২০২২ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ আ: খালেক মল্লিক অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এপিএ টিম লিডার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
সভার তারিখ	৩০-১০-২০২২
সভার সময়	বেলা-১১.০০ ঘটিকা
স্থান	সভাকক্ষ-১২১, ভবন-৬, বাংলাদেশ সচিবালয়
উপস্থিতি	পরিশিষ্ট-ক

২.০ আলোচনা:

২.১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে এপিএ টিমের সদস্য-সচিব ও উপসচিব (প্রশাসন-২ অধিশাখা) মোহাম্মদ ফারুক হোসেন সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় গত ২৭-০৯-২০২২ তারিখে অনুষ্ঠিত এপিএ পর্যালোচনা সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। উপসচিব (প্রশাসন-২) উল্লেখ করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ হতে এ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সংশোধন প্রস্তাব অনুমোদিত হয়েছে। তবে সংশোধিত সূচকসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে কেবলমাত্র অসাধারণ অংশটুকু রাখা হয়েছে। সেক্ষেত্রে এ সকল সূচকের অর্জন শতভাগ না হলে কোন নম্বর পাওয়া যাবে না। এ বিভাগের প্রোগ্রামার, আইসিটি শাখা বলেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার ২০২২-২৩ অর্থবছরের এপিএ'র প্রস্তাবিত সংশোধন হালনাগাদ করা হয়েছে। সংশোধিত সূচকের লক্ষ্যমাত্রা কেবলমাত্র অসাধারণ রাখা হয়েছে। সংশোধিত সূচকসমূহের লক্ষ্যমাত্রা শুধুমাত্র অসাধারণ থাকায় এ সকল সূচক বাস্তবায়নে বিশেষ নজর দেয়ার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। এ বিভাগের যুগ্মসচিব (পরিকল্পনা) বলেন যে, প্রকল্প সংশ্লিষ্ট সূচকসমূহ বাস্তবায়ন অগ্রগতি নিয়মিতভাবে পিএআইসি ও পিএসসি সভায় আলোচনা করা প্রয়োজন। সভাপতি বলেন যে, এ বিষয়ে পূর্বে কয়েকবার সিদ্ধান্ত প্রদান করা হয়েছে। তাই বিষয়টি গুরুত্বসহকারে দেখা প্রয়োজন।

২.২। পেট্রোবাংলার প্রতিনিধি জানান যে, সেপ্টেম্বর/২০২২ পর্যন্ত উৎপাদিত গ্যাস (আইওসি) ও উৎপাদিত গ্যাস (জাতীয় কোম্পানি) এর উৎপাদন যথাক্রমে ১৩৩.০২৮ বিসিএফ ও ৭৭.৮১৬ বিসিএফ। এ দুটি সূচকের লক্ষ্যমাত্রা বাস্তবায়নে আপাততঃ কোন চ্যালেঞ্জ নেই। তিনি আরো উল্লেখ করেন যে, পেট্রোলিয়াম প্রোডাক্টসের উৎপাদন সেপ্টেম্বর/২২ পর্যন্ত ৯৪.৪৩৩ মিলিয়ন লিটার। বিবিয়ানা গ্যাস ফিল্ডে Turbo Expander স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে এবং এর ফলে পেট্রোলিয়াম প্রোডাক্টসের উৎপাদন আরো বৃদ্ধি পাবে। তবে, লক্ষ্যমাত্রা অনুযায়ী পেট্রোলিয়াম প্রোডাক্টসের উৎপাদন সম্ভব হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। সভাপতি সূচকটির লক্ষ্যমাত্রা অর্জনে যথাযথ পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করেন। আরপিজিসিএল এর প্রতিনিধি জানান যে, দীর্ঘমেয়াদি চুক্তির আওতায় ৩.৪৪ লক্ষ মেট্রিক টন এলএনজি আমদানি করা হবে। এ প্রেক্ষিতে এলএনজি আমদানির লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে। বাপেক্সের প্রতিনিধি জানান যে, ২-ডি সিসমিক জরিপ কার্যক্রম শীঘ্রই শুরু হবে। জ্বালানি টবগি-১ জ্বালানি অনুসন্ধান কূপ খনন ইতোমধ্যে সম্পাদিত হয়েছে এবং শরীয়তপুরে অপর অনুসন্ধান কূপ খনন কার্যক্রম আগামী নভেম্বর/২২ মাসে সম্পন্ন হবে। ৩-ডি সিসমিক জরিপের

কার্যক্রম সিলেটে শীঘ্রই শুরু হচ্ছে মর্মে এসজিএফএল এর প্রতিনিধি অবহিত করেন। জিএসবি'র প্রতিনিধি জানান যে, ভূতাত্ত্বিক ও ভূপ্রাকৃতিক মানচিত্রায়ন কার্যক্রম শীঘ্রই শুরু হবে। সভাপতি এ কার্যক্রমের পূর্ব প্রস্তুতিমূলক কী কী কার্যক্রম গ্রহণ করা হয়েছে তার অগ্রগতি প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন।

২.৩। ব্যবস্থাপনা পরিচালক, এমজিএমসিএল জানান যে, অ্যামোনিয়াম নাইট্রেট আমদানি বিলম্বিত হওয়ায় মধ্যপাড়া পাথর খনির উৎপাদন বন্ধ থাকে। অ্যামোনিয়াম নাইট্রেট আমদানির সমস্যা সমাধান হয়েছে এবং দৈনিক ৫০০০ মেট্রিক টন হারে পাথর উৎপাদিত হচ্ছে এবং এ ধারা অব্যাহত থাকলে লক্ষ্যমাত্রা অর্জিত হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। এ বিভাগের যুগ্মসচিব (পরিকল্পনা) বলেন যে, টার্গেট হিসেবে কঠিন শিলা বিপণন রয়েছে। তাই কঠিন শিলা উৎপাদনের পাশাপাশি বিপণনে বিশেষ নজর দিতে হবে। সরকারি বিভিন্ন প্রকল্পে কঠিন শিলা বিপণনের জন্য যোগাযোগ অব্যাহত রাখতে হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে সূচকটির বাস্তবায়ন চ্যালেঞ্জিং পরিলক্ষিত হয়। সভাপতি সূচকটির লক্ষ্যমাত্রা বাস্তবায়নে বিশেষ নজর দেয়া পাশাপাশি মাসিক অগ্রগতি সুনির্দিষ্টভাবে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। সভায় জানানো হয় যে, ইন্ডিয়া-বাংলাদেশ ফ্রেন্ডশীপ পাইপলাইনের লক্ষ্যমাত্রা ৩ কি.মি. এর পরিবর্তে ২ কি.মি. হিসেবে সংশোধন করা হয়েছে। ২ কি.মি. লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে মর্মে এমপিএল এর প্রতিনিধি সভাকে অবহিত করেন। এ প্রসঙ্গে সভাপতি বলেন যে, যেহেতু এ সূচকটির লক্ষ্যমাত্রা অসাধারণ হিসেবে নির্ধারণ করা হয়েছে সেহেতু এটি বাস্তবায়নে বিশেষ তৎপর হতে হবে। বিপিসির প্রতিনিধি সভায় জানান যে, পরিশোধিত ও অপরিশোধিত তেল আমদানি ও পেট্রোলিয়াম পণ্য বিপণনের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে। ব্যবস্থাপনা পরিচালক, বিসিএমসিএল বলেন যে, আলীহাট আয়রন ফিল্ডের প্রি-ফিজিবিলিটি স্টাডির ড্রাফট ইন্টেরিম রিপোর্ট আগামী ১৫ মে/২০২৩ এর মধ্যে প্রণয়ন করা সম্ভব হবে। রিপোর্টটি প্রণয়নের কার্যক্রম ত্বরান্বিত করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

২.৪। ব্যবস্থাপনা পরিচালক, টিজিটিডিসিএল জানান যে, বেজা/এসইজেড অঞ্চলে গ্যাস সংযোগ প্রদানের জন্য একটি আবেদন পাওয়া গিয়েছে। আবেদনটি ৩০ কার্যদিবসের মধ্যে নিষ্পত্তি করা হবে। অন্যান্য ডিস্ট্রিবিউশন কোম্পানির ব্যবস্থাপনা পরিচালকগণ অবহিত করেন যে, তারা এখনো কোন আবেদন পাননি। আবেদন পেলে নির্ধারিত সময়ের মধ্যে তা নিষ্পত্তি করা হবে। সভায় উল্লেখ করা হয় যে, প্রাপ্ত আবেদনের প্রেক্ষিতে বিস্ফোরক, পেট্রোলিয়াম, গ্যাস সিলিন্ডার এবং গ্যাসাধার এর আমদানি, পরিবহন ও মজুদের লাইসেন্স আবেদন নিষ্পত্তির লক্ষ্যমাত্রা ৯০% হিসেবে সংশোধিত হয়েছে। তাই সূচকটি বাস্তবায়নে বিশেষ তৎপর হওয়ার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। সভায় জানানো হয় যে, সমসাময়িক বিভিন্ন বিষয়ে শিখন সেশন আয়োজন সেপ্টেম্বর/২২ পর্যন্ত করা হয়নি। তাই এ সূচকটি বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করার জন্য সভাপতি এ বিভাগের বাজেট অধিশাখাকে নির্দেশনা প্রদান করেন। এ বিভাগের যুগ্মসচিব (পরিকল্পনা) বলেন যে, আগামী ডিসেম্বর/২২ এর মধ্যে গ্যাস সেক্টর মাস্টারপ্ল্যান এর খসড়া প্রণয়ন করা সম্ভব হবে। হাইড্রোকার্বন ইউনিটের প্রতিনিধি জানান যে, বিকল্প জ্বালানি ব্যবস্থাপনা নিয়ে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সাথে পরবর্তী দুই প্রান্তিকে দুটি সভা/সেমিনার আয়োজন করা হবে। সভায় ২০২২-২৩ অর্থবছরের ৯টি মনিটরিং কমিটির রিপোর্ট পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় ৯টি কমিটির মধ্যে ৫টি কমিটির জুলাই, আগস্ট ও সেপ্টেম্বর/২২ মাসের রিপোর্ট পাওয়া যায়। ৪টি কমিটির সেপ্টেম্বর/২২ মাসের রিপোর্ট না থাকায় দ্রুত দাখিলের জন্য সভায় তাগাদা দেয়া হয়।

২.৫। সভায় আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের অন্তর্ভুক্ত ৫টি কর্মপরিকল্পনার অগ্রগতির বিষয়ে পর্যালোচনা করা হয়। এ বিভাগের যুগ্মসচিব (পরিকল্পনা) বলেন যে, জুলাই/২২ হতে সেপ্টেম্বর/২২ পর্যন্ত বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের হার ১৫.৯৫% এবং এ সময়ে ১৮টি পিএসসি সভায় অনুষ্ঠিত হয়েছে। সভায় উল্লেখ করা হয় যে, শিল্প ক্ষেত্রে গ্যাসের অপব্যবহার রোধকল্পে ১৫০টি ইভিসি মিটার স্থাপনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক, টিজিটিডিসিএল বলেন যে, লক্ষ্যমাত্রা অনুযায়ী ইভিসি মিটার স্থাপন করা হবে। সভাপতি লক্ষ্যমাত্রা অনুযায়ী ইভিসি মিটার স্থাপনের কার্যক্রম ত্বরান্বিত করার নির্দেশনা প্রদান করেন। ব্যবস্থাপনা পরিচালক, পিজিসিএল জানান যে, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানির অবৈধ গ্যাস সংযোগ মুক্তকরণ শতভাগ নির্ধারণ করা আছে। কিন্তু ইতঃপূর্বে একটি সভায় এর লক্ষ্যমাত্রা ৯৫% নির্ধারণ করা

হয়েছিলো। শতভাগ অবৈধ গ্যাস সংযোগ মুক্ত রাখা যদিও অনিশ্চিয়তার মধ্যে থেকে যায় তথাপি বিষয়টি বিশেষভাবে মনিটরিং রাখার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। উপসচিব (প্রশাসন-২) বলেন যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অন্তর্ভুক্ত সেবা সহজিকরণ করতে সিটিজেন চার্টারে যে সেবাসমূহ দেয়া আছে সেখান হতে নির্বাচন করতে হবে। তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তির প্রমাণক হিসেবে একটি রেজিস্টার সংরক্ষণ করতে হবে। সভাপতি বলেন যে, এপিএ'র প্রতিটি সূচকের অর্জন ও প্রমাণক যাতে সঠিক হয় সেদিকে এখন হতেই লক্ষ্য রাখতে হবে।

৩। সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.১	২০২২-২৩ অর্থবছরের এপিএ'র সংশোধিত সূচকসমূহের লক্ষ্যমাত্রা শুধুমাত্র অসাধারণ থাকায় এ সকল সূচক বাস্তবায়নে বিশেষ নজর দিতে হবে।	এপিএ টিম/সংশ্লিষ্ট কর্মকর্তা/ দপ্তর/সংস্থা/কোম্পানী
৩.২	প্রকল্প সংশ্লিষ্ট সূচকসমূহ বাস্তবায়ন অগ্রগতি নিয়মিতভাবে পিএআইসি ও পিএসসি সভায় আলোচনা করতে হবে এবং প্রমাণক হিসেবে সংরক্ষণ করতে হবে।	পরিকল্পনা অনুবিভাগ/ দপ্তর/সংস্থা/কোম্পানি
৩.৩	লক্ষ্যমাত্রা অনুযায়ী পেট্রোলিয়াম প্রোডাক্টসের উৎপাদনে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে।	পেট্রোবাংলা/বিজিএফসিএল/বাপেক্স/এসজিএফএল
৩.৪	ভূতাত্ত্বিক ও ভূপ্রাকৃতিক মানচিত্রায়নের পূর্ব প্রস্তুতিমূলক কী কী কার্যক্রম গ্রহণ করা হয়েছে তার অগ্রগতি প্রেরণ করতে হবে।	জিএসবি
৩.৫	কঠিন শিলা বিপণনের লক্ষ্যমাত্রা অর্জন চ্যালেঞ্জিং পরিলক্ষিত হওয়ায় সূচকটি বাস্তবায়নে বিশেষ নজর দেয়ার পাশাপাশি মাসিক অগ্রগতি সুনির্দিষ্টভাবে প্রেরণ করতে হবে।	পেট্রোবাংলা/এমজিএমসিএল
৩.৬	আলীহাট আয়রন ফিল্ডের প্রি-ফিজিবিলিটি স্টাডির ড্রাফট ইন্টারিম রিপোর্ট প্রণয়নের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	পেট্রোবাংলা/বিসিএমসিএল
৩.৭	সমসাময়িক বিভিন্ন বিষয়ে শিখন সেশন আয়োজন কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	বাজেট অধিশাখা, জ্বাখসবি
৩.৮	লক্ষ্যমাত্রা অনুযায়ী ইভিসি মিটার স্থাপনের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	পেট্রোবাংলা/টিজিটিডিসিএল
৩.৯	শতভাগ অবৈধ গ্যাস সংযোগ মুক্ত রাখার বিষয়টি বিশেষভাবে মনিটরিংয়ে রাখতে হবে।	পেট্রোবাংলা/পিজিসিএল/ এসজিসিএল
৩.১০	তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তির প্রমাণক হিসেবে একটি রেজিস্টার সংরক্ষণ করতে হবে	প্রশাসন-২ অধিশাখা/ দপ্তর/সংস্থা/কোম্পানি
৩.১১	২০২২-২৩ অর্থবছরের এপিএ'তে অন্তর্ভুক্ত ৫টি কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নে তৎপর হতে হবে।	এপিএ টিম/উপসচিব, প্রশাসন-১/ প্রশাসন-২/ প্রশাসন-৩/বাজেট অধিশাখা ও আইসিটি শাখা এবং দপ্তর/সংস্থা/কোম্পানি

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মোঃ আ: খালেক মল্লিক
অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এপিএ টিম

লিডার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২২.৪৬৮

তারিখ: ১৭ কার্তিক ১৪২৯

০২ নভেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

২) চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

৩) মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

৪) সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৫) এপিএ টিম, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৬) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

৭) মহাপরিচালক , হাইড্রোকার্বন ইউনিট

৮) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৯) প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ, প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর

১০) ব্যবস্থাপনা পরিচালক (সকল), পেট্রোবাংলা ও বিপিসি'র আওতাধীন কোম্পানীসমূহ

১১) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

১২) প্রোগ্রামার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ



মোহাম্মদ ফারুক হোসেন
উপসচিব